



সোনালী ব্যাংক লিমিটেড
জেনারেল ম্যানেজারের কার্যালয় আছাবাদ, চট্টগ্রাম।

-ঃ দরপত্র বিজ্ঞপ্তির নমুনা ঃ-

| | | | | |
|-----|--|---|-----------------------------------|-------------------------|
| ০১। | সংগ্রহকারী সত্ত্বার নাম | সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস, আছাবাদ, চট্টগ্রাম। | | |
| ০২। | দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ | জিএমও/চট্টগ্রাম/প্রকৌশল/আরএফকিউএম/ তারিখঃ ১৩-০৪-২০১৭ | | |
| ০৩। | সংগ্রহ পদ্ধতি | PPR এর আলোকে প্রস্তুতকৃত সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব প্রকিউরমেন্ট/পারচেজ ম্যানুয়েলে বর্ণিত Request for Quotation Method (RFQM) | | |
| ০৪। | বাজেট ও ফান্ড প্রাপ্তির উৎস | সোনালী ব্যাংক লিমিটেড - এর নিজস্ব ফান্ড। | | |
| ০৫। | কাজের নাম | জামানতের পরিমাণ | দরপত্র দলিলের মূল্য (অফেরৎ যোগ্য) | কার্য সমাপ্তির সময়সীমা |
| | (ক) সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস, আছাবাদ, চট্টগ্রাম এর ব্যাংক ভবনের সামনে থেকে প্রধান গেইট পর্যন্ত (রাস্তাসহ পার্কিং) আরসিসি করন এবং এর উপরে পেভমেন্ট টাইলস স্থাপন। | ১০,০০০/- পনের হাজার টাকা | ৫০০.০০ পাঁচশত টাকা | ৩০ (ত্রিশ) দিন |
| ০৬। | দরপত্র দলিল প্রাপ্তির স্থান | ডেপুটি জেনারেল ম্যানেজার এর চেম্বার, সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস, আছাবাদ, চট্টগ্রাম। | | |
| ০৭। | দরপত্র দলিল প্রাপ্তির শেষ তারিখ ও সময়। | তারিখঃ ২০-০৪-২০১৭, সময়ঃ ৪-০০ ঘটিকা পর্যন্ত। | | |
| ০৮। | দরপত্র জমা দেয়ার স্থান, তারিখ ও সময়। | সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, আছাবাদ, চট্টগ্রাম তারিখঃ ২৩-০৪-২০১৭, সময়ঃ বিকাল ৩-০০ ঘটিকা পর্যন্ত। | | |
| ০৯। | দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়। | সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, আছাবাদ, চট্টগ্রাম। তারিখঃ ২৩-০৪-২০১৭, সময়ঃ বিকাল ৩-১৫ ঘটিকা পর্যন্ত। | | |
| ১০। | দরদাতাদের প্রতি বিশেষ নির্দেশাবলী। | <p>(ক) দরপত্রে উদ্ধৃত দর সমূহের বৈধতা দরপত্র খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।</p> <p>(খ) দরপত্র খোলার দিন ছুটি ঘোষিত হলে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ ও খোলা হবে।</p> <p>(গ) দরপত্রের জামানত যে কোন তফসিল ব্যাংক হতে জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজারের কার্যালয়, আছাবাদ, চট্টগ্রাম এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে।</p> <p>(ঘ) তাছাড়া দরপত্রের সাথে হাল নাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন এবং আয়কর সনদের ফটোকপি সত্যায়িত করে জমা দিতে হবে।</p> <p>(ঙ) সিডিউলে উল্লিখিত কাজের পরিমাণ আনুমানিক হিসাবে দেয়া আছে। তাই সম্পন্নকৃত কাজের প্রকৃত পরিমাপের ভিত্তিতে বিল পরিশোধ করা হবে।</p> <p>(চ) দফাওয়ারী দেয় দর অংকে এবং কথায় স্পষ্ট করে লিখতে হবে (সিডিউলের দেয় দরে ভ্যাট, আয়কর ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে) দফাওয়ারী দাখিলকৃত দর ঘষামাজা/কাটাকাটি হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। সিডিউলের দেয় দরে কোন সংশোধনী থাকলে যথাযথ স্বাক্ষর করতে হবে।</p> <p>(ছ) কার্যাদেশ প্রাপ্তির ৫(পাঁচ) দিনের মধ্যে কাজ আরম্ভ করতে হবে এর ৩০(ত্রিশ) দিনের মধ্যে কাজ সমাপ্ত করে ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দিতে হবে।</p> <p>(জ) কাজ চলাকালীন সময়ে কোন চলতি বিল প্রদান করা হবে না।</p> <p>(ঝ) কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে এর দায়-দায়িত্ব দরপত্র দাতার উপর বর্তাবে এবং এ বিষয়ে ব্যাংকের সিদ্ধান্তেই চূড়ান্ত বলে গণ্য হবে।</p> <p>(ঞ) ব্যাংকের উপযুক্ত কর্তৃপক্ষের লিখিত পূর্ব নির্দেশ/অনুমোদন ব্যতীত তফসিল বর্হিভূত কোন কাজ করা যাবে না।</p> <p>(ট) ব্যাংক কর্তৃক কোন মালামাল সরবরাহ করা হবে না।</p> <p>(ঠ) কথায় এবং অংকে লিখিত দরের মধ্যে গরমিল থাকলে কথায় লিখিত দর গ্রহণযোগ্য হবে।</p> <p>(ড) সিডিউলের প্রতি পাতায় স্বাক্ষরসহ সিল মোহর দিতে হবে।</p> <p>(ঢ) বিল প্রদানের সময় সরকারী নিয়ম মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।</p> <p>উল্লেখ্য সনদপত্র/প্রত্যয়নপত্রের ফটোকপিসমূহ কমপক্ষে নির্বাহী প্রকৌশলী বা সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা (নাম ও ঠিকানাসহ) দ্বারা সত্যায়িত হতে হবে।</p> | | |
| ১১। | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা ও টেলিফোন নম্বর। | জনাব এম. এ. কাইয়ুম, জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজারের অফিস, আছাবাদ, চট্টগ্রাম। ফোনঃ ০১১-৭১২৬৮১ | | |
| ১২। | দরপত্র সংক্রান্ত পদ্ধতিগত প্রক্রিয়ার ক্ষেত্রে সোনালী ব্যাংক লিমিটেড-এর নিজস্ব "দি প্রকিউরমেন্ট/ পারচেজ ম্যানুয়াল" অনুসরণ করা হবে। | | | |
| ১৩। | সাদা ফ্লুইড ব্যবহার করে পূরণকৃত অথবা ওভাররাইটিং সিডিউল বাতিল বলে গণ্য হবে। | | | |
| ১৪। | কোন কারন দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র বাতিল অথবা যে কোন দরপত্র আংশিক বা সম্পূর্ণরূপে গ্রহণের অধিকার ব্যাংক কর্তৃক সংরক্ষিত। | | | |
| ১৫। | সর্বনিম্ন দরপত্র দাতাকে সিডিউলে বর্ণিত শর্ত এবং কার্যাদেশের শর্ত মোতাবেক সংশ্লিষ্ট কাজ সম্পূর্ণভাবে সম্পাদন করতে হবে। | | | |

অন্যান্য শর্তাবলী সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজারের অফিস, আছাবাদ, চট্টগ্রাম হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা আংশিক কিংবা সম্পূর্ণভাবে বাতিল করার ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত

(এম এ কাইয়ুম)
জেনারেল ম্যানেজার